


স্বাধীনতা ★ গণতন্ত্র ★ সমাজতন্ত্র



কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি

৭৯/৩এ, আচার্য জগদীশচন্দ্র বোস রোড
দীনেশ মজুমদার ভবন
কলকাতা- ৭০০০১৪

প্রেস বিবৃতি (১৭/০৮/২০২৫)

আজ, ১৭ আগস্ট ২০২৫, ভোর পৌনে চারটে নাগাদ এমজি রোডের পিজি লেডি স্টুডেন্টস' হলে একটি চুরির ঘটনা ঘটে। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের ছাত্রী সায়ন্তনী চক্রবর্তী জানিয়েছে যে অজ্ঞাতপরিচয় এক ব্যক্তি তার পার্স এবং মোবাইল ফোন চুরি করে পালায়। প্রাথমিক তথ্য অনুযায়ী, চোরটি হোস্টেলের ব্যালকনি বেয়ে তার ঘরে প্রবেশ করে এবং তার জিনিসপত্র নিয়ে পালিয়ে যায়।

স্বভাবতই প্রশ্ন ওঠে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের হোস্টেলগুলোতে ছাত্র নিরাপত্তা নিয়ে! তৃণমূল আমলে রাজ্যে চুরি- ডাকাতির ঘটনা উত্তরোত্তর বেড়েছে। নারী নিরাপত্তাও তলানিতে! এমতাবস্থায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এমজি রোডে অবস্থিত ছাত্রী আবাসিকে ছাত্রীর ঘরে অনুপ্রবেশ ও চুরির ঘটনা অনভিপ্রেত।

আমরা, ভারতের ছাত্র ফেডারেশন কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি, দীর্ঘদিন যাবৎ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে বিশ্ববিদ্যালয়ের হোস্টেলগুলোতে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করার দাবী জানিয়ে এসেছি। তারপরেও এমজি রোডের ছাত্রী আবাসিকের এই ঘটনা প্রমাণ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হোস্টেল সম্পর্কে উদাসীন। আমাদের দাবী, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমস্ত হোস্টেলে নিরাপত্তারক্ষীর সংখ্যা বাড়াতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে হোস্টেলের নিরাপত্তা সুনিশ্চিত করার এবং চুরির ঘটনার উপযুক্ত তদন্তের দাবী জানাচ্ছি।

প্রিয়াঙ্কা ঘোষ
সভাপতি

অমিত কুমার ঘোষ
সম্পাদক